# বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

## সিটিজেন চার্টার

## (পাসপোর্টের ক্ষেত্রে)

বাংলাদেশি নাগরিক এবং প্রবাসী বাংলাদেশি নাগরিকদের পাসপোর্ট প্রদানের লক্ষ্যে বাংলাদেশের ৬৪ টি জেলায় অবস্থিত ৬৭ টি পাসপোর্ট অফিসে (ঢাকায় অতিরিক্ত ২ টি এবং চট্টগ্রাম-এ ১ টি) মেশিন রিডেবল পাসপোর্টের কার্যক্রম চালু করা হয়েছে। তাছাড়া ডিপ্লোমেটিক পাসপোর্টের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় ও ৬৫ টি বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসের Enrolment Centre চালু আছে এবং বাকি ১১ টিতে মেশিন রিডেবল পাসপোর্ট প্রদানের কার্যক্রম চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিদ্যমান অফিসগুলোতে হাতে লেখা পাসপোর্টের মেয়াদ বৃদ্ধির ব্যবস্থাও রয়েছে। এ জন্য প্রার্থীকে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে হয় এবং আবেদনপত্রে উল্লেখিত কাগজপত্র সঙ্গে সংযুক্ত করতে হয়। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর তিনটি শ্রেণিতে পাসপোর্ট প্রদান করে থাকে। যেমন- ১) সবুজ বর্ণের সাধারণ পাসপোর্ট ২) নীল বর্ণের অফিসিয়াল পাসপোর্ট ৩) লাল বর্ণের ডিপ্লোমেটিক পাসপোর্ট।

## MRP পাসপোর্ট এবং হাতে লেখা পাসপোর্ট ইস্যু/নবায়ন সংক্রান্ত সেবাসমূহ নিম্নরূপঃ

| আবেদনের প্রকৃতি | করণীয় | | ফিস-এর পরিমাণ (টাকায়) | প্রাপ্তির সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| নতুন/ ১২(বার) বছর উত্তীর্ণ পাসপোর্ট এর জন্য আবেদন | ক) দুই কপি আবেদনপত্র জমা দিতে হবে।<br>খ) আবেদনপত্রের সঙ্গে পাসপোর্ট সাইজের এক কপি ছবি সংযুক্ত করতে হবে। | জরুরি | ৬০০০/-<br>+ ভ্যাট ১৫% | পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | |
| | | সাধারণ | ৩০০০/-<br>+ ভ্যাট ১৫% | পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ১৫(পনের) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | |
| দশ বছর উত্তীর্ণ পাসপোর্ট এর ক্ষেত্রে পাসপোর্টের জন্য আবেদন। | আবেদনপত্রের সঙ্গে পাসপোর্ট সাইজের এক কপি ছবি সংযুক্ত করতে হবে। | জরুরি | ৬০০০/-<br>+ ভ্যাট ১৫% | ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | |
| | | সাধারণ | ৩০০০/-<br>+ ভ্যাট ১৫% | ১৫(পনের) কর্মদিবসের পর প্রাপ্য। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| হারানো পাসপোর্টের বিপরীতে পাসপোর্টের জন্য আবেদন। | এক্ষেত্রে জিডির কপিসহ আবেদন করতে হবে। | জরুরি | ৬০০০/-<br>+ ভ্যাট ১৫% | ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | পুরাতন রেকর্ড যাচাই করে সঠিক পাওয়া গেলে হারানো পাসপোর্টের বিপরীতে নতুন পাসপোর্ট ইস্যু করা হয়। |
| | | সাধারণ | ৩০০০/-<br>+ ভ্যাট ১৫% | ১৫(পনের) কর্মদিবসের মধ্যে। | |
| পাতা শেষ/ছবির মিল নেই/পাতা নষ্ট হবার কারণে পাসপোর্টের জন্য আবেদন। | আবেদনপত্রের সঙ্গে পাসপোর্ট সাইজের এক কপি ছবি সংযুক্ত করতে হবে। | জরুরি | ৬০০০/-<br>+ ভ্যাট ১৫% | ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | |
| | | সাধারণ | ৩০০০/-<br>+ ভ্যাট ১৫% | ১৫(পনের) কর্মদিবসের মধ্যে। | |
| সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীদের আবেদন। | (১)সরকারি প্রতিষ্ঠান, আধাসরকারি প্রতিষ্ঠান, রাষ্ট্রীয় কর্পোরেশন, পূর্ণ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান, স্বায়ত্বশাসিত ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানে কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ও প্রয়োজনীয় ফি প্রদান সাপেক্ষে এবং (২) সরকারি কাজে বিদেশে গমনের ক্ষেত্র ব্যতীত সরকারি আদেশ/জিওর ভিত্তিতে তাদের অনুকূলে অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করা যাবে। অফিসিয়াল পাসপোর্ট সর্বোচ্চ ০৫ (পাঁচ) বৎসর মেয়াদী হবে।<br><br>বি.দ্র. অফিসিয়াল পাসপোর্ট ইস্যু/গ্রহণের জন্য পুলিশ প্রতিবেদনের প্রয়োজন নেই। | জরুরি | ৩০০০/-<br>+ ভ্যাট ১৫% | ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | সরকারি আদেশের ভিত্তিতে বিদেশ ভ্রমণের জন্য পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রে কোনরূপ ফি প্রয়োজন হবে না। |
| সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীদের স্ত্রী/স্বামী এবং তাদের ১৫ বছরের নীচের সন্তানদের আবেদন। | মাননীয় সংসদ সদস্য, তিনটি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ, সিটি কর্পোরেশন ও পৌরসভার মেয়র ও কাউন্সিলর, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সকল পর্যায়ের সামরিক-বেসামরিক সরকারি কর্মকর্তা/কর্মচারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থার প্রত্যয়ন সাপেক্ষে আধাসরকারি, স্বায়ত্তশাষিত রাষ্ট্রায়ত্ব সংস্থায় কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারী, অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা/কর্মচারী ও তাদের স্ত্রী/স্বামী | জরুরি | ৩০০০/-<br>+ ভ্যাট ১৫% | ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | এবং সরকারি কর্মকর্তা/কর্মচারীর স্ত্রী/স্বামীসহ ১৫ (পনের) বৎসরের কম বয়সী সন্তানদের জন্য হাতে লেখা পুরাতন পাসপোর্টের নবায়ন ও নতুন পাসপোর্ট ( হাতে লেখা/MRP ) ইস্যুর ক্ষেত্রে পুলিশ প্রতিবেদনের প্রয়োজন নেই। এছাড়া, সকল ক্ষেত্রে হাতে লেখা পুরাতন পাসপোর্টের নবায়ন এবং হাতে লেখা পুরাতন পাসপোর্ট সমর্পণ করে তার পরিবর্তে হাতে লেখা নতুন বা মেশিন রিডাবল পাসপোর্ট ইস্যু/গ্রহণের ক্ষেত্রেও পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হবে না। অন্যান্য সকল ক্ষেত্রে (হাতে লেখা বা মেশিন রিডাবল পাসপোর্ট নতুন ইস্যুর ক্ষেত্রে) পুলিশ প্রতিবেদন আবশ্যক হবে। | | | | |
| সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীদের ১৫ বছরের অধিক বয়সের সন্তানদের আবেদন। | আবেদনপত্রের সঙ্গে কেবলমাত্র নির্ভরশীল সন্তানদের ক্ষেত্রে বাবা/মায়ের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। | জরুরি | ৬০০০/- + ভ্যাট ১৫% | পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | |
| | | সাধারণ | ৩০০০/- + ভ্যাট ১৫% | পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ১৪(চৌদ্দ) কর্মদিবসের পর প্রাপ্য। | |
| শিক্ষা সফরে বিদেশে গমন ইচ্ছুক ছাত্র/কর্মচারীদের ক্ষেত্রে। | আবেদনপত্র অবশ্যই দলগতভাবে হতে হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের প্রত্যয়নপত্র সংযুক্ত থাকতে হবে। | জরুরি | ৬০০০/- + ভ্যাট ১৫% | পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | |
| | | সাধারণ | ৩০০০/- + ভ্যাট ১৫% | পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ১৫(পনের) কর্মদিবসের মধ্যে। | |
| অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে। | পেনশন অর্ডার কিংবা পেনশন বহির ফটোকপি সংযুক্ত করতে হবে। | জরুরি | ৩০০০/- + ভ্যাট ১৫% | ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | |
| হাতে লেখা পুরাতন পাসপোর্ট সমর্পণ করে নতুন পাসপোর্টের জন্য আবেদন করার ক্ষেত্রে | নতুন পাসপোর্টের জন্য নির্ধারিত ফি এবং মেয়াদ উর্ত্তীণের পর নবায়ন করা না হয়ে থাকলে নবায়ন ফি প্রদান করতে হবে। | জরুরি | ৬০০০/- + ভ্যাট ১৫% | আবেদনপত্র জমা দেওয়ার ০৩(তিন) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | কোন পাসপোর্টের নবায়ন/সংযোজন এর ক্ষেত্রে জাল সনাক্ত হলে উক্ত পাসপোর্ট |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | সাধারণ | ৩০০০/- + ভ্যাট ১৫% | আবেদনপত্র জমা দেওয়ার ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | বাতিল করে নতুন পাসপোর্ট ইস্যু করা হয়(নতুন পাসপোর্ট ও নবায়ন উভয় ফি গ্রহণ সাপেক্ষে)। |
| হাতে লেখা পাসপোর্ট নবায়নের ক্ষেত্রে | হাতে লেখা পাসপোর্ট নবায়নের জন্য নবায়ন ফি প্রদান করতে হবে। | জরুরি | ২৫০০/- + ভ্যাট ১৫% | আবেদনপত্র জমা দেওয়ার ০৩(তিন) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | |
| | | সাধারণ | ১৫০০/- + ভ্যাট ১৫% | আবেদনপত্র জমা দেওয়ার ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | |
| সংযোজন (উপযুক্ত ডকুমেন্ট দাখিল সাপেক্ষে) | সংযোজন ফি প্রদান করতে হবে। | জরুরি | ৫০০/- + ভ্যাট ১৫% | আবেদনপত্র জমা দেওয়ার ০৩(তিন) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | কোন পাসপোর্টের নবায়ন/সংযোজন এর ক্ষেত্রে জাল সনাক্ত হলে উক্ত পাসপোর্ট বাতিল করে নতুন পাসপোর্ট ইস্যু করা হয়(নতুন পাসপোর্ট ও নবায়ন উভয় ফি গ্রহণ সাপেক্ষে)। |
| | | সাধারণ | ৩০০/- + ভ্যাট ১৫% | আবেদনপত্র জমা দেওয়ার ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রাপ্য। | |